জনকণ্ঠ

তারিখ 01 MAY 2008
পৃষ্ঠা ১২ কলাম ৬

# এসএসসি পরীক্ষায় কাঠামোবদ্ধ প্রশ্ন পদ্ধতি সম্পর্কে নতুন প্রজ্ঞাপন জারি

কাঠামোবদ্ধ প্রশ্নের ভিত্তিতে এসএসসি পরীক্ষা গ্রহণ সম্পর্কে পূর্বে জারিকৃত প্রজ্ঞাপন সংশোধন করে শিক্ষা মন্ত্রণালয় বুধবার এক নতুন প্রজ্ঞাপন জারি করেছে।

প্রজ্ঞাপন অনুসারে কাঠামোবদ্ধ প্রশ্ন পদ্ধতি 'সৃজনশীল প্রশ্ন পদ্ধতি' হিসেবে বিবেচিত হবে। ২০১০ সাল থেকে 'সৃজনশীল প্রশ্ন' পদ্ধতিতে শুধু বাংলা প্রথম, পত্র এবং ধর্মশিক্ষা বিষয়ে এসএসসি পরীক্ষা গ্রহণ করা হবে। ২০১১ সাল থেকে পূর্ণাঙ্গভাবে এ পদ্ধতিতে ঐ পরীক্ষা অনুষ্ঠিত হবে। চলতি বছর থেকে ৮ম শ্রেণীতে স্বল্প পরিসরে সৃজনশীল প্রশ্ন পদ্ধতি চালু নিশ্চিত করতে সংশ্লিষ্ট বিদ্যালয়সমূহকে নির্দেশনা প্রদান করা হয়েছে। ২০০৯ সাল থেকে ষষ্ঠ, সপ্তম, অষ্টম ও নবম শ্রেণীতে এ প্রশ্ন পদ্ধতি পূর্ণাঙ্গভাবে চালু হবে।এসএসসি সমপর্যায়ের মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ব্যবস্থায় ২০১১ সাল থেকে সৃজনশীল প্রশ্ন পদ্ধতি চালু হবে। ২০১২ সালের এইচএসসি এবং সমমানের মাদ্রাসা ও কারিগরি শিক্ষা সংশ্লিষ্ট পাবলিক পরীক্ষাতেও এ প্রশ্ন পদ্ধতি চালু করা হবে। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) আকর্ষণীয় এবং বিষয়বস্তুসমৃদ্ধ পাঠ্যপুস্তক প্রকাশের ব্যবস্থা করবে। এনসিটিবি এবং ঢাকা

*(১১-পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)*

---

## এসএসসি পরীক্ষায় *(১২-এর পাতার পর)*

শিক্ষা বোর্ডের যৌথ উদ্যোগে গঠিত সেল সৃজনশীল প্রশ্নপত্র আহ্বান ও প্রশ্ন ব্যাংক তৈরি করবে। এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে বলে উল্লেখ করা হয়েছে। —প্রেস বিজ্ঞপ্তি।